## চতুর্থ অধ্যায়

# বাংলাদেশের জনসংখ্যা পরিচিতি



### শিৰার্থীরা যা জানবে–

- জনমিতির ধারণা
- বাংলাদেশের জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ
- জন্ম, মৃত্যু, স্থানান্তরগমন সম্পর্কিত তারতম্যের কারণ ও প্রভাব
- জনসংখ্যা তথ্যের উপস্থাপনে সংখ্যাতাত্ত্বিক কৌশল

## বিষয়–সংৰেপ

বাংলাদেশের জনসংখ্যা আয়তনের তুলনায় অনেক বেশি। এদেশে প্রতি বর্গকিলোমিটারে ১০১৫ জন লোক বাস করে। জনসংখ্যার দিক থেকে বাংলাদেশ পৃথিবীতে অস্টম স্থানে আছে।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **দেশের ভিতরে মানুষের এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তরকে কী বলে?**
ⓚ বহির্গমন ⓛ অন্তর্গমন ● আগমন ⓝ প্রস্থান

২. **জনমিতি বলতে বোঝায়–**
i. সুনির্দিষ্ট স্থান ও সময়ে জন্মগ্রহণকারী ও মৃত ব্যক্তিদের হিসাব
ii. বিভিন্ন বয়সের জনসংখ্যার হিসাব
iii. বহির্গমন ও অন্তর্গমনকারী ব্যক্তিদের হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ⓜ iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও–**

জুন মাসের প্রচণ্ড গরমে ফিরোজা ষষ্ঠ সন্তানের মা হন। ফিরোজার কর্মস্থলের মালিক সুশানের একমাত্র ছেলে থমসন নিজের কেনা বাড়ি থেকেই নিজস্ব গাড়িতে কাজে যায়। তার দেশে সবাই শিৰিত।

৩. **ফিরোজার ৰেত্রে জন্মহার তারতম্যের কোন কারণটি প্রযোজ্য?**
● জলবায়ু ⓛ সমাজ ব্যবস্থা
ⓜ শিৰার হার ⓝ সামাজিক গতিশীলতা

৪. **থমসনের দেশে কোন প্রভাবটি পরিলৰিত হতে পারে?**
ⓚ জন্মহার বেশি হবে ● জন্মহার কম হবে
ⓜ সুচিকিৎসার অভাব ⓝ খাদ্য ও বস্ত্রের অভাব

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী উপাদান

১৯৪৭ সালে দেশ বিভাগের সময় বিনয় বাবু বাংলাদেশ ছেড়ে ভারতে স্থায়ীভাবে বসবাস শুরব করেন। তাঁর ছেলে সুজিত এক সন্তান নিয়ে স্থায়ীভাবে আমেরিকায় বিশ্ববিদ্যালয়ের শিৰক হিসাবে প্রতিষ্ঠিত।

ক. জন্মহার কী?
খ. ভৌগোলিক উপাদান ও অবস্থান কীভাবে মৃত্যুহারকে প্রভাবিত করে?
গ. বিনয় বাবুর ৰেত্রে জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী কোন উপাদানটি পরিলৰিত হয়? ব্যাখ্যা কর।
ঘ. সুজিতের পরিবার জনসংখ্যা পরিবর্তনে কী ধরনের ভূমিকা রাখবে? মূল্যায়ন কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** কোনো দেশে একটি নির্দিষ্ট সময়ে (এক বছরে) প্রতি হাজার নারী যে সংখ্যক জীবিত সন্তান জন্ম দেয় তার সংখ্যাকে জন্মহার বলে।

**খ** ভৌগোলিক অবস্থান ও উপাদান মৃত্যুহারকে প্রভাবিত করে। যেসব দেশে বা এলাকার অবকাঠামো, যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা উন্নত এবং আবহাওয়া ও জলবায়ু চরমভাবাপন্ন নয় সেসব দেশে বা এলাকায় মৃত্যুহার কম। আবার যেসব এলাকায় উপরিউক্ত বিষয়সমূহের প্রাদুর্ভাব লৰ করা যায় সেসব এলাকায় মৃত্যুহার বেশি। এভাবে ভৌগোলিক উপাদান ও অবস্থান মৃত্যুহারকে প্রভাবিত করে।

**গ** বিনয়বাবুর ৰেত্রে জনসংখ্যা পরিবর্তনের স্থানান্তর উপাদানটি পরিলৰিত হয়। স্থানান্তর বলতে একটি দেশের ভিতরে একস্থান থেকে অন্যস্থানে অথবা একটি দেশের সীমানা পেরিয়ে অন্যদেশে মানুষের গমনাগমনকে বোঝায়। জনসংখ্যা স্থানান্তর দুই ধরনের হয়। যেমন : অন্তর্গমন ও বহির্গমন। দেশের অভ্যন্তরে একস্থান হতে অন্য স্থানে স্থানান্তরকে বলা হয় অন্তর্গমন। দেশের বাইরে অর্থাৎ অন্য দেশে লোকজন চলে গেলে তাকে বহির্গমন বলে। স্থানান্তরের মাধ্যমে জনসংখ্যায় পরিবর্তন ঘটে। দেশের অভ্যন্তরে স্থানান্তর করলে জনসংখ্যার কোনো পরিবর্তন সাধিত হয় না। অপরদিকে বহির্গমন করলে জনসংখ্যার পরিবর্তন হয়। উদ্দীপকে বিনয়বাবু বাংলাদেশ থেকে ভারতে স্থায়ীভাবে বসবাস করায় বাংলাদেশের জনসংখ্যা কমেছে এবং ভারতের জনসংখ্যা বেড়েছে। উপরিউক্ত আলোচনার প্রেৰিতে বলা যায়, বিনয়বাবুর ৰেত্রে জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী স্থানান্তর উপাদানটিই পরিলৰিত হয়।

**ঘ** সুজিতের পরিবার জনসংখ্যা পরিবর্তনে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখবে। উদ্দীপকে সুজিত পড়াশোনা শেষ করার পর আমেরিকার একটি বিশ্ববিদ্যালয়ে চাকরি পান। তিনি তার স্ত্রী ও এক সন্তান নিয়ে সেখানে বসবাস করেন। সুজিত এক দেশ হতে অন্য দেশে স্থানান্তরিত হন। এর ফলে তার নিজের দেশের জনসংখ্যা কমে যায় এবং তিনি নতুনভাবে যে দেশে বসবাস শুরব করেন সেখানকার জনসংখ্যা বৃদ্ধি পায়। সুজিতের এই স্থানান্তরকে বহির্গমন বলে। যা একটি দেশের জনসংখ্যার পরিবর্তনে উলেৱখযোগ্য ভূমিকা পালন করে থাকে। তিনি অনুমোদনসূত্রে আমেরিকার নাগরিকত্ব লাভ করেন। ফলে তার সন্তানরাও জন্মসূত্রে আমেরিকার নাগরিক হবে। এৰেত্রে সুজিত দ্বৈত নাগরিকত্ব লাভ করবেন। তিনি ইচ্ছা করলে যে কোনো দেশের একক নাগরিকত্বও লাভ করতে পারেন। এই দ্বৈত নাগরিকতার ফলে ২টি দেশেই সমান জনসংখ্যার পরিবর্তন হবে। তাই বলা যায় যে, সুজিতের পরিবারের আমেরিকা স্থানান্তর হবার ফলে জনসংখ্যার পরিবর্তন ঘটে।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

## ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ➲ পাঠ-১, ২, ৩ ও ৪ : জনমিতির ধারণা, জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী উপাদান

➠ বোর্ড বই, পৃষ্ঠা-৩২

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কত জন লোক বাস করে?** (জ্ঞান)
ক ৭০০ খ ১০০০ গ ১৫০০ ● ১০১৫

**২. বাংলাদেশ পৃথিবীর ক্ষুদ্রতম একটি রাষ্ট্র। জনসংখ্যার দিক থেকে বাংলাদেশের অবস্থান কত?** (জ্ঞান)
ক সপ্তম ● অষ্টম গ নবম ঘ দশম

**৩. মাহমুদকে তার শিক্ষক তাদের ক্লাসের ছাত্রছাত্রীদের সংখ্যা গুনতে বলে। সে নির্ভুলভাবে সংখ্যা বের করে শিক্ষককে দেখায়। তার এই কার্যক্রম কোনটির সাথে সম্পৃক্ত?** (প্রয়োগ)
ক দর্শন খ জীববিজ্ঞান ● জনমিতি ঘ সাহিত্যকলা

**৪. জনমিতির অপর নাম কী?** (জ্ঞান)
● জনবিজ্ঞান খ পদার্থবিজ্ঞান গ জীববিজ্ঞান ঘ রসায়ন

**৫. জনসংখ্যা বৃদ্ধির অন্যতম কারণ হলো—** (জ্ঞান)
ক মৃত্যুহার হ্রাস ● জন্মহার বৃদ্ধি গ মৃত্যুহার বৃদ্ধি ঘ জন্মহার হ্রাস

**৬. কোনো নির্দিষ্ট সময়ে কোনো নারী প্রতি হাজারে যত জীবিত সন্তান জন্ম দেয় সে সংখ্যাকে কী বলে?** (অনুধাবন)
ক মৃত্যুহার ● জন্মহার গ স্থুল মৃত্যুহার ঘ স্থুল জন্মহার

**৭. সাধারণত জীবনের নিঃশেষকে কী বলা হয়?** (জ্ঞান)
ক জন্ম ● মৃত্যু গ উত্থান ঘ অগ্রযাত্রা

**৮. ২০১১ সালে বাংলাদেশে জীবিত শিশুর জন্ম হয়েছে হাজারে ৯৩৫ জন। উক্ত সংখ্যাকে কী বলা হয়?** (অনুধাবন)
ক মৃত্যুহার খ স্থুল মৃত্যুহার ● জন্মহার ঘ জন্মহার হ্রাস

**৯. জন্ম ও মৃত্যুহার হিসাব করা হয় কীভাবে?** (জ্ঞান)
ক দশকে খ শতকে ● হাজারে ঘ লাখে

**১০. জনসংখ্যা বৃদ্ধির অন্যতম কারণ হিসেবে চিহ্নিত করা হয় কোনটিকে?** (প্রয়োগ)
● মৃত্যুহার কমে যাওয়া খ মৃত্যুহার বেড়ে যাওয়া
গ জন্মহার কমে যাওয়া ঘ জন্ম-মৃত্যুহার সমানুপাতিক

**১১. ২০১৪ সালে প্রতি হাজারে পাঁচ বছরের কম বয়সী শিশু মৃত্যুহার কত ছিল?** (জ্ঞান)
ক ২৫ জন ● ৩৫ জন গ ৪৫ জন ঘ ৫৫ জন

**১২. স্থানান্তর হওয়া যায় কতভাবে?** (জ্ঞান)
ক ৩ খ ৪ ● ২ ঘ ১

**১৩. দেশের ভিতরে এক স্থান হতে অন্যস্থানে গমন করাকে কী বলে?** (অনুধাবন)
● অন্তর্গমন খ বহির্গমন গ চলাচল ঘ হেটে যাওয়া

**১৪. গিয়াসের ভাই রিয়াদ তার জগতপুর গ্রাম হতে করিমপুর গ্রামে যায়। এর ফলে কোনটি ঘটে?** (প্রয়োগ)
ক আতিথীয়তা ● অন্তর্গমন গ বহির্গমন ঘ চুক্তি

**১৫. আমাদের দেশে রাষ্ট্রীয়ভাবে নিষিদ্ধ হয়েছে কোনটি?** (জ্ঞান)
ক বহুবিবাহ খ বিবাহ ● বাল্যবিবাহ ঘ সন্তান জন্ম দেয়া

**১৬. জন্মহার বৃদ্ধির কারণ হিসেবে চিহ্নিত কোনটি?** (অনুধাবন)
● কম বয়সে ছেলেমেয়ের বিয়ে খ বেশি বয়সে ছেলেমেয়ের বিয়ে
গ সচেতনতা বৃদ্ধির ফলে ঘ মৃত্যুহার বেশি হওয়ার ফলে

**১৭. সামাজিক গতিশীলতা বলতে কী বোঝায়?** (অনুধাবন)
ক শারীরিক বৃদ্ধি খ সমাজের নিরাপত্তা হ্রাস
● পদমর্যাদার পরিবর্তন ঘ সমাজে তরুণের সংখ্যা বেশি

**১৮. উচ্চশিক্ষা গ্রহণের উল্লেখযোগ্য ফল—** (উচ্চতর দক্ষতা)
ক সচেতনতা কমে খ জনসংখ্যা বাড়ে ● জনসংখ্যা কমে ঘ বাল্য বিবাহ বাড়ে

**১৯. জনাব বাচ্চু দাগনভূঞা পৌরসভার একজন পরিসংখ্যান কর্মকর্তা। তিনি তার কর্মএলাকায় বসবাসরত জনগণের জন্ম ও মৃত্যুর হিসাব রাখেন। তার এ কাজ কোনটিকে ইঙ্গিত করে?** (প্রয়োগ)
ক প্রাণিবিদ্যা খ জীববিদ্যা ● জনবিজ্ঞান ঘ জীববিজ্ঞান

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২০. জনমিতি বিষয়ে আমরা ধারণা পাই—** (প্রয়োগ)
i. জনসংখ্যা পরিবর্তন ii. জনসংখ্যার হ্রাস-বৃদ্ধি
iii. জনসংখ্যার উৎপত্তি ও ক্রমবিকাশ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. জনমিতি শব্দটি বিশ্লেষণে পাওয়া যায়—** (উচ্চতর দক্ষতা)
i. জনসংখ্যা ii. উপাদান iii. পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. জনসংখ্যা পরিবর্তনের উপাদানসমূহ—** (অনুধাবন)
i. জন্মহার ii. মৃত্যুহার iii. স্থানান্তর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**২৩. যে সকল দেশে জন্মহার বেশি—** (অনুধাবন)
i. বাংলাদেশ ii. ভারত iii. যুক্তরাষ্ট্র
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
সালাম মিঞা একজন দরিদ্র্য কৃষক। তার পরিবারে সদস্য সংখ্যা সাত। তিনি তার দুই ছেলেকে কম বয়সে বিয়ে দেন। ফলে তার পরিবারের জনসংখ্যা ক্রমান্বয়ে বেড়েই চলেছে।

**২৪. অনুচ্ছেদের বিষয়টি কোন সমস্যাকে ইঙ্গিত করে?** (প্রয়োগ)
ক বেকারত্ব খ নিরক্ষরতা ● জনসংখ্যা বৃদ্ধি ঘ প্রজনন হ্রাস

**২৫. উক্ত সমস্যাটি রোধে পদক্ষেপ গ্রহণ করা যায়—** (উচ্চতর দক্ষতা)
i. সচেতনতা বৃদ্ধি করে ii. শিক্ষার হার বৃদ্ধিতে সহায়তা করে
iii. বাল্য বিবাহ রোধে ভূমিকা রাখার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

### ➲ পাঠ-৫ ও ৬ : জন্মহার তারতম্যের কারণ ও প্রভাব

➠ বোর্ড বই, পৃষ্ঠা-৩৪

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৬. কোন জলবায়ুর দেশে সন্তান জন্মদানের ক্ষমতা বেশি?** (জ্ঞান)
● গ্রীষ্মপ্রধান খ শীতপ্রধান গ ক্রান্তিয় ঘ বর্ষাপ্রধান

**২৭. শীতপ্রধান দেশে জনসংখ্যা বৃদ্ধির হার কেমন?** (জ্ঞান)
ক বেশি ● কম গ সমান ঘ উর্ধ্বগতির

**২৮. শিক্ষার হার বেশি থাকে কোন দেশে?** (জ্ঞান)
ক অনুন্নত খ স্বল্পোন্নত ● উন্নত ঘ নিম্নমধ্য

**২৯. শিক্ষা বৃদ্ধির সাথে জনসংখ্যার হারের সম্পর্ক কী?** (উচ্চতর দক্ষতা)
ক সম্মুখী খ অগ্রগামী গ স্থির ● বিপরীত

**৩০. জন্মহার বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে—** (প্রয়োগ)
● বহুবিবাহ খ শিক্ষার হার বৃদ্ধি গ উন্নত জীবন ঘ সচেতনতা

**৩১. লিটন যে দেশে বসবাস করে সেটি গ্রীষ্মপ্রধান দেশ। সে দেশে জনসংখ্যা বৃদ্ধির হার কেমন?** (প্রয়োগ)
ক কম ● বেশি গ ভারসাম্য ঘ অনিয়ন্ত্রিত

**৩২. রাসেলরা বস্তিতে বসবাস করে। তাদের জীবনযাত্রার ব্যয় অত্যন্ত কম। সন্তান লালনপালনে খরচ কম হয় বলে কোনটি ঘটে?** (প্রয়োগ)
ক জনসংখ্যা কমে খ জনসংখ্যা স্থির থাকে
● জনসংখ্যা বাড়ে ঘ জীবনযাত্রার মান বাড়ে

**৩৩. অতিরিক্ত জনসংখ্যার ফলে কোনটি ঘটে?** (জ্ঞান)
● বাড়তি চাহিদা সৃষ্টি খ চাহিদা কমে
গ যোগান কমে ঘ চাহিদা স্থির থাকে

**৩৪. রোগ জীবাণু দ্রুত ছড়ায় কী কারণে?** (প্রয়োগ)
ক জনসখ্যার ঘনত্ব কম হলে ● জনসংখ্যার ঘনত্ব বেশি হলে
গ জনসংখ্যার ঘনত্ব স্থির থাকলে ঘ জনসংখ্যার ঘনত্ব বেশি কমে গেলে

**৩৫. জনসংখ্যা হ্রাস-বৃদ্ধির মুখ্য কারণ কোনটি?** (জ্ঞান)
ক শিশুর জন্ম খ বহিরাগমন ● জন্ম-মৃত্যু ঘ অন্তর্গমন

**৩৬. প্রাকৃতিক সম্পদের তুলনায় যদি জনসংখ্যা বেশি হয় তবে কী ঘটে?** (জ্ঞান)
● অকল্যাণ খ কল্যাণ গ নিরাপত্তা ঘ সমৃদ্ধি

**৩৭. সম্পদের চেয়ে যদি জনসংখ্যা কম হয় তা দেশের জন্য কী বয়ে আনে?** (অনুধাবন)
ক অকল্যাণ ● কল্যাণ গ নিরাপত্তাহীনতা ঘ বৈষম্য

**৩৮. দরিদ্র মানুষের জীবনযাত্রার মান কেমন হয়?** (অনুধাবন)
ক উচ্চ খ সমৃদ্ধ ● নিম্ন ঘ উর্ধ্বমুখী

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৯. শিৰার অভাবে মানুষ হয়—** (অনুধাবন)
i. অজ্ঞ ii. কুসংস্কারাচ্ছন্ন iii. রৰণশীল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৪০. শিৰার হার বৃদ্ধির ফলে মানুষ—** (উচ্চতর দৰতা)
i. ভবিষ্যৎ সম্পর্কে সচেতন হয় ii. কম সন্তান নেয়
iii. কুসংস্কারাচ্ছন্ন হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪১. অধিক সন্তান জন্মদানের কারণ—** (প্রয়োগ)
i. শিৰিত করে তুলতে ii. বৃদ্ধ বয়সের নিরাপত্তার অভাব
iii. পুত্র সন্তান কামনায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**৪২. অতিরিক্ত জনসংখ্যার ফলে সৃষ্ট সমস্যাগুলো হলো—** (অনুধাবন)
i. খাদ্য ঘাটতি ii. কর্মসংস্থানের অভাব
iii. শিৰাব্যবস্থার অভাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও :**
আজাদ মিয়ার দশটি ছেলেমেয়ে নিয়ে অভাবের সংসার। অভাবের কারণে তার শেষ সম্বল–বাড়ির জমিটুকু বিক্রি করে দেয়। আজাদ মিয়ার মতো সমস্যাটি চলতে থাকলে আমাদের দেশ ভয়াবহতার দিকে ধাবিত হবে।

**৪৩. অনুচ্ছেদে কোন সমস্যাটির প্রতি ইঙ্গিত করা হয়েছে?** (প্রয়োগ)
ক বেকারত্ব খ নিরৰরতা ● অধিক জনসংখ্যা ঘ দারিদ্র্যতা

**৪৪. উক্ত সমস্যাটি নিয়ন্ত্রণ করতে না পারলে কঠিন হয়ে পড়বে—** (উচ্চতর দৰতা)
i. খাদ্য ii. বাসস্থান iii. ব্যবসা–বাণিজ্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৭ : মৃত্যুহার তারতম্যের কারণ ও প্রভাব

➡ বোর্ড বই, পৃষ্ঠা-৩৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৫. মৃত্যুহারকে প্রভাবিত করে কোন উপাদানটি?** (জ্ঞান)
উন্নত জীবনযাত্রা ● ভৌগোলিক কারণ পুষ্টিকর খাবার নিরাপত্তা

**৪৬. কোনো দেশের আবহাওয়া ও জলবায়ু চরমভাবাপন্ন হলে মৃত্যুহার কেমন হয়?** (অনুধাবন)
ক কম খ সমান ● বেশি ঘ স্থির

**৪৭. মৃত্যুহার বেড়ে যাবার অন্যতম কারণ কোনটি?** (জ্ঞান)
● প্রাকৃতিক দুর্যোগ খ সমভাবাপন্ন আবহাওয়া
গ নিরাপদ যাতায়াত ঘ উন্নত চিকিৎসা ব্যবস্থা

**৪৮. কোনো দেশের প্রাকৃতিক দুর্যোগের পরিমাণ বেশি হলে সেসব দেশের মৃত্যুহার কেমন হয়?** (অনুধাবন)
ক উর্ধ্বগতি হয় খ কমে ● বেশি হয় ঘ সমান থাকে

**৪৯. যেসব এলাকায় রোগ–ব্যাধির পরিমাণ বেশি থাকে সেসব এলাকায় মৃত্যুহার কেমন থাকে?** (অনুধাবন)
ক নিম্নমুখী খ পরিবর্তন হয় না গ কমে যায় ● বেড়ে যায়

**৫০. মৃত্যুহারকে প্রভাবিত করে কোনটি?** (জ্ঞান)
ক উন্নত অবকাঠামো ● বয়স কাঠামো গ পুষ্টিকর খাবার ঘ নিরাপদ যাতায়াত

**৫১. কোন দেশে মৃত্যুহার বেশি?** (জ্ঞান)
● অনুন্নত খ উন্নত গ বড় দেশে ঘ ছোট দেশে

**৫২. বিমলরা বস্তিতে বসবাস করে। তারা পুষ্টিকর খাবার পায় না। এর প্রভাবক কী?** (উচ্চতর দৰতা)
ক জন্মহার বাড়ে ● মৃত্যুহার বাড়ে গ মৃত্যুহার কমে ঘ মৃত্যুহার স্থির থাকে

**৫৩. জীবনযাত্রার মান নিম্ন হয় কাদের?** (জ্ঞান)
ক স্বচ্ছলদের খ ধনীদের ● দরিদ্র্যদের ঘ রাজাদের

**৫৪. কী কারণে বিশ্বে প্রচুর লোক মারা যাচ্ছে?** (জ্ঞান)
ক খেলাধুলার খ রপ্তানির গ বাণিজ্যের ● যুদ্ধবিগ্রহের

**৫৫. মৃত্যুহার বেড়ে গেলে কোনটি বাড়ে?** (জ্ঞান)
ক সচেতনতা ● দুশ্চিন্তা গ নির্ভরতা ঘ নিরাপত্তা

**৫৬. নিম্ন মৃত্যুহার কোনটিতে অবদান রাখে?** (প্রয়োগ)
● আর্থসামাজিক উন্নয়নে খ জনসংখ্যা বৃদ্ধিতে
গ উৎপাদন কমাতে ঘ প্রাকৃতিক দুর্যোগে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৭. জন্মহার ও মৃত্যুহার পৃথিবীর সবদেশে—** (অনুধাবন)
i. কোথাও বেশি কোথাও কম ii. সব জায়গায় সমান
iii. সব জায়গায় সমান নয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫৮. মৃত্যুহার কম হয়—** (প্রয়োগ)
i. উন্নত পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা ii. সমভাবাপন্ন আবহাওয়া ও জলবায়ু
iii. উন্নত অবকাঠামো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৫৯. ঐ সমাজে মৃত্যুহার বেশি যেখানে—** (উচ্চতর দৰতা)
i. অল্পবয়সি বেশি ii. মধ্যবয়সি মানুষ বেশি iii. অধিক বয়সি বেশি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬০ ও ৬১ নং প্রশ্নের উত্তর দাও :**
অনিমা যেখানে বসবাস করে সেখানের পরিবেশ খুবই অপরিচ্ছন্ন। তারা পুষ্টিকর খাবার পায় না। তাদের এলাকার বেশির ভাগ মানুষ অশিৰিত। উন্নত চিকিৎসা পদ্ধতির অভাবে তাদের মৃত্যুহার অনেক বেশি।

**৬০. অনিমাদের এলাকার মৃত্যুহার বৃদ্ধির কারণ কী হতে পারে?** (প্রয়োগ)
● অনুন্নত চিকিৎসা পদ্ধতি খ পুষ্টিকর খাবার গ সচেতনতা ঘ নিরাপদ মাতৃত্ব

**৬১. অনিমাদের এলাকার মানুষের এরূ প জীবনযাত্রার ফলে —** (উচ্চতর দৰতা)
i. দেশের অর্থনীতির ব্যাপক ৰতি হবে
ii. সামাজিক জীবনের ব্যাপক ৰতি হবে
iii. ভবিষ্যৎ দুশ্চিন্তা বেড়ে যাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৮ : স্থানান্তর তারতম্যের কারণ ও প্রভাব

➡ বোর্ড বই, পৃষ্ঠা-৩৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬২. বসবাসের স্থান স্থায়ীভাবে পরিবর্তন করাকে কী বলে?** (জ্ঞান)
● স্থানান্তর খ উত্তরণ গ অবতরণ ঘ অতিক্রম

**৬৩. স্থানান্তর প্রক্রিয়ায় কোন কারণটি বেশি ফলপ্রসু?** (অনুধাবন)
ক সামাজিক খ রাজনৈতিক ● অর্থনৈতিক ঘ ভৌগোলিক

**৬৪. নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের চাহিদা বাড়ে কী কারণে?** (প্রয়োগ)
ক জনসংখ্যার ঘাটতিতে ● জনসংখ্যার বৃদ্ধিতে
গ জনসংখ্যার স্থিরতায় ঘ স্থানান্তরের অভাবে

**৬৫. কাদের প্রেরিত অর্থ আমাদের অর্থনীতিতে ব্যাপক অবদান রাখছে?** (অনুধাবন)
ক নাবিকের খ রিকশাওয়ালার গ জেলেদের ● প্রবাসীদের

**৬৬. অন্তর্গমনের ফলে জনসংখ্যার কী পরিবর্তন ঘটে?** (জ্ঞান)
ক বাড়ে খ কমে ● একই থাকে ঘ নিম্নগামী হয়

**৬৭. শিৰাৰেত্রে সমস্যা, কর্মসংস্থানের অভাব এবং পরিবেশগত সমস্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এগুলোর জন্য তুমি কোনটিকে দায়ী করবে?** (উচ্চতর দৰতা)
● স্থানান্তরের প্রভাব খ অন্তর্গমন গ বহির্গমন ঘ বেকারত্ব

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৮. স্থানান্তর প্রক্রিয়া চলতে পারে—** (অনুধাবন)
i. দেশে অভ্যন্তরে ii. দেশের বাইরে iii. সমুদ্র সীমানায়
**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৬৯. স্থানান্তরের তারতম্য ঘটে যেসব কারণে—** (প্রয়োগ)

i. অধিক আয়ের আশায় ii. প্রাকৃতিক দুর্যোগের কারণে

iii. যুদ্ধবিগ্রহের কারণে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৭০. স্থানান্তরের ফলে যেসব সামাজিক সমস্যার সৃষ্টি হয় তা থেকে উত্তরণের উপায়—** (উচ্চতর দৰতা)

i. শিৰাগত সমস্যার সমাধান ii. কর্মসংস্থানের পরিবেশ সৃষ্টি

iii. স্থান্তরের প্রভাব হ্রাস

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭১ ও ৭২ নং প্রশ্নের উত্তর দাও :**

আদনান উচ্চশিৰার জন্য আমেরিকায় যায়। পড়াশোনা শেষে সে সেখানে স্থায়ীভাবে বসবাস করা শুরব করে। আদনান দেশে তার মা-বাবার জন্য টাকা পাঠায়। একদিন হঠাৎ আদনানের বাবা অসুস্থ হলে আদনান উন্নত চিকিৎসার জন্য বাবাকে আমেরিকায় নিয়ে যায়।

**৭১. আদনানের আমেরিকা যাবার ফলে কোনটি ঘটে?** (প্রয়োগ)

ⓚ জন্মহার বাড়ে ⓖ মৃত্যুহার বাড়ে

● স্থানান্তর ঘটে ⓘ জনসংখ্যা স্থির থাকে

**৭২. আদনানের স্থানান্তর হবার উলেৰখযোগ্য কারণসমূহ—** (উচ্চতর দৰতা)

i. যুদ্ধের জন্য

ii. অধিক আয়ের আশায়

iii. উন্নত জীবনযাপনের জন্য

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓖ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১** জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী উপাদান

জনাব বাবর সাহেব একটি কোম্পানির প্রশাসনিক কর্মকর্তা। তিনি ছেলে সন্তানের জনক হলে অফিসের সবাই তাকে শুভেচ্ছা জানাতে তার কৰে আসেন। এসময় বাবর সাহেবের ছোট বোন তাকে ফোন করে বললেন, ভাইয়া আগামি মাসের সাত তারিখ আমার আমেরিকা যাবার ফ্লাইট নির্ধারিত হয়েছে। বাবর সাহেব শুনে খুশি হলেন। এমন সময় তার এক সহকর্মী তাকে একটি দাওয়াতপত্র দিয়ে বললেন, আগামি শুক্রবার আমার মেয়ের বিয়ে আপনি আসবেন। কিছুৰণ পর পিয়ন কান্নাজড়িত কণ্ঠে বলল, এইমাত্র আমার পিতা মৃত্যুবরণ করেছেন। আমাকে এখনই বাড়ি যেতে হবে।

ক. জাতীয় অর্থনীতিতে বিরাট অবদান রাখছে কোনটি?

খ. কী ধরনের স্থানান্তর জনসংখ্যার কোনো পরিবর্তন ঘটায় না?

গ. উদ্দীপকের ব্যক্তিবর্গের আলাপচারিতার দ্বারা কোনটির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর।

ঘ. তুমি কি মনে কর জনসংখ্যা পরিবর্তনে ইঙ্গিতকৃত বিষয়টিই দায়ী? বিশেৰষণ কর।

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** প্রবাসীদের প্রেরিত অর্থ জাতীয় অর্থনীতিতে বিরাট অবদান রাখছে।

**খ** অভ্যন্তরীণ স্থানান্তরের ফলে জনসংখ্যার কোনো পরিবর্তন হয় না। দেশের ভৌগোলিক সীমানার মধ্যে একস্থান থেকে অন্যস্থানে স্থায়ী ও অস্থায়ীভাবে বসবাস করাকে বলে অন্তর্গমন। অন্তর্গমনের ফলে যে এলাকা থেকে লোক যায় সেখানকার লোকসংখ্যা কমে আর যেখানে স্থানান্তর হয় সেখানকার জনসংখ্যা বাড়ে। এই দুই প্রক্রিয়ায় মোট জনসংখ্যার কোনো পরিবর্তন হয় না।

**গ** উদ্দীপকে ব্যক্তিবর্গের আলাপচারিতার দ্বারা জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহের ইঙ্গিত পাওয়া যায়। জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ হলো— জন্মহার, মৃত্যুহার, স্থানান্তর, বিবাহ, সামাজিক গতিশীলতা প্রভৃতি। উদ্দীপকের জনাব বাবর সাহেবের ছেলে সন্তানের জন্মলাভ জনসংখ্যা পরিবর্তনের উপাদান জন্মহারকে নির্দেশ করে। বাবর সাহেবের ছোট বোনের আমেরিকা যাবার প্রক্রিয়া স্থানান্তরকে নির্দেশ করে। কারণ এক দেশ হতে অন্যদেশে যাওয়াকে স্থানান্তর বলে। বাবর সাহেবের সহকর্মী তাকে মেয়ের বিয়ের দাওয়াত দেন যা জনসংখ্যা পরিবর্তনকারী উপাদান 'বিবাহ'কে নির্দেশ করে। অপরদিকে পিয়নের বাবার মৃত্যু জনসংখ্যার পরিবর্তনকারী উপাদান 'মৃত্যুহার'কে নির্দেশ করে। তাই বলা যায়, উদ্দীপকে জনসংখ্যা পরিবর্তনের প্রভাব বিস্তারকারী উপাদানসমূহের ইঙ্গিত পাওয়া যায়।

**ঘ** জনসংখ্যার পরিবর্তনের জন্য উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়গুলোই দায়ী বলে আমি মনে করি। একটি দেশের জনসংখ্যা হ্রাস-বৃদ্ধি ও তারতম্যের জন্য জনসংখ্যা বৃদ্ধির সাথে সম্পর্কিত বিভিন্ন উপাদানের সাথে প্রত্যৰ সম্পর্ক রয়েছে। উচ্চ জন্মহার একটি দেশের জনসংখ্যা বৃদ্ধিতে সহায়তা করে। আবার জনসংখ্যা যদি কমও হয় তবে তা দেশের জন্য কল্যাণকর নয়। উচ্চ মৃত্যুহার জনসংখ্যা কমায়। আবার বিয়ে জনসংখ্যা বৃদ্ধির অন্যতম কারণ। কমবয়সে বিয়ে করলে অধিক সন্তান জন্মদানের সম্ভাবনা থাকে। আবার বেশি বয়সে বিয়ে করলে জন্মহার হ্রাস পায়। একটি দেশের জনসংখ্যা হ্রাস-বৃদ্ধিতে স্থানান্তর উপাদান উলেৰখযোগ্য ভূমিকা পালন করে। এক দেশ হতে অন্যদেশে লোকজন গমন করলে যে দেশ হতে যায় সেখানকার জনসংখ্যা কমে এবং যে দেশে যায় সে দেশের জনসংখ্যা বাড়ে। তাই উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায়, উদ্দীপকে আলোচিত জনসংখ্যা পরিবর্তনের উপাদানসমূহ জনসংখ্যা পরিবর্তনের জন্য দায়ী।

**প্রশ্ন- ২** জন্মহার তারতম্যের কারণ ও প্রভাব

কামরবলের বাড়ি বাংলাদেশে, অমিপ্রার বাড়ি নেপালে এবং জনসনের বাড়ি অস্ট্রেলিয়ায়। কামরবলের দুই ছেলে তিন মেয়ে, অমিপ্রার এক ছেলে এক মেয়ে এবং জনসনের শুধু এক মেয়ে। তারা একটি কোম্পানিতে একই বেতনে চাকরি করেন। কামরবলের সংসারে অভাব-অনটন লেগেই থাকে। অমিপ্রা ও জনসন খুব সুখে আছেন। তাদের সংসারে কোনো অভাব নেই।

ক. জনসংখ্যা কাঠামো পরিবর্তনে প্রভাব ফেলে কোনটি? ১

খ. জনসংখ্যার হ্রাস-বৃদ্ধির প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কামরবলের সংসারে অভাব অনটন লেগে থাকার কারণ কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. "জীবনযাত্রার মান নিম্ন হওয়ার পেছনে কামরবলের মতো ব্যক্তিরাই দায়ী"— বিশেৰষণ কর। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** স্থানান্তর জনসংখ্যা পরিবর্তনে প্রভাব ফেলে।

**খ** জন্মহারের হ্রাস-বৃদ্ধি বিভিন্ন দেশে বিভিন্নভাবে প্রভাব ফেলে। একটি দেশের ভূমি ও প্রাকৃতিক সম্পদের চেয়ে যদি জনসংখ্যার পরিমাণ বেশি হয় তবে দেশে বাড়তি চাহিদার সৃষ্টি করে। যার ফলে শিৰার অভাব, কর্মসংস্থানের অভাব, খাদ্যঘাটতি, স্বাস্থ্যসেবার অভাব দেখা দেয়। জীবনযাত্রার মান নিম্ন হয় এবং মৃত্যুহার বাড়ে। আর যদি ভূমি ও প্রাকৃতিক সম্পদের চেয়ে জনসংখ্যার পরিমাণ কম হয় তবে প্রাকৃতিক সম্পদের সঠিক ব্যবহার হয় না। তাই দেশের ভূমি ও প্রাকৃতিক সম্পদের সাথে সামঞ্জস্য রেখে জনসংখ্যার সঠিক নিয়ন্ত্রণ দরকার।

**গ** উদ্দীপকে কামরবলের সংসারে অভাব অনটন লেগে থাকার অন্যতম কারণ হলো তার পরিবারের অতিরিক্ত জনসংখ্যা। জনসংখ্যা বৃদ্ধির অনেক প্রত্যৰ উপাদানের প্রভাবে একটি স্থানের জনসংখ্যা বাড়ে। উদ্দীপকে তিনজনের বাড়ি তিনদেশে হওয়ায় তাদের জীবনযাত্রা ও

খাদ্যাভ্যাসে অনেক পার্থক্য রয়েছে। তারা তিনজন একই কোম্পানিতে সমান বেতনে চাকরি করে। কিন্তু কামরবলে পরিবারে জনসংখ্যা বেশি হওয়ায় তাকে বেতনের বেশিরভাগ অংশ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ে ব্যয় করতে হয়। ফলে জীবনধারণের জন্য অন্যান্য সকল মৌলিক প্রয়োজন পূরণ করতে সে হিমশিম খায়। পরিবারে সদস্যসংখ্যা বেশি থাকলে তাদের চাহিদার পরিমাণও বেশি থাকে। যার ফলে কামরবলের পরিবারে অভাব-অনটন লেগেই থাকে।

**ঘ** জীবনযাত্রার মান নিম্ন হওয়ার পিছনে কামরবলের মতো ব্যক্তিরাই দায়ী। যেখানে অধিক জনসংখ্যা সেখানে জীবনযাত্রার ব্যয় বেড়ে যায়। উদ্দীপকে কামরবল, অমিপ্রা ও জনসনের বাড়ি যথাক্রমে বাংলাদেশ, নেপাল ও অস্ট্রেলিয়ায়। তবে তিনজনই একই বেতনে একই কোম্পানিতে চাকরি করে। কিন্তু জনসংখ্যার ভিত্তিতে তাদের তিনজনের তারতম্য রয়েছে। অমিপ্রা ও জনসনের পরিবারে জনসংখ্যা কম হওয়ায় তাদের পরিবারে স্বচ্ছলতা বিরাজ করে। জনসংখ্যা নিয়ন্ত্রণে তাদের পরিকল্পনা যথার্থ হওয়ার কারণে তাদের পরিবারে সুখ-শান্তি বিরাজ করে। অপরদিকে একই বেতনে চাকরি করা কামরবল জনসংখ্যা নিয়ন্ত্রণ করার ৰেত্রে কোনো পরিকল্পনা গ্রহণ না করায় তার পরিবারের সদস্য সংখ্যা বেড়ে গেছে। ফলে সে তার পরিবারের মৌলিক চাহিদাগুলো সঠিকভাবে পূরণ করতে পারছে না। স্বল্প আয়ে অধিক জনসংখ্যার ভরণপোষণ করতে গিয়ে তার জীবনযাত্রার মান কমে যায়। তাই জীবনযাত্রার মান নিম্ন হবার পেছনে অপরিকল্পিত জীবনযাত্রার অধিকারী কামরবলরাই দায়ী।

**প্রশ্ন- ৩ ▸▸** মৃত্যুহার তারতম্যের কারণ ও প্রভাব

পরিবারের একমাত্র উপার্জনৰম স্বামীর মৃত্যুতে শায়লার জীবনে অনিশ্চয়তা সৃষ্টি হয়। তার চারটি এতিম অবুঝ শিশুর ভরণপোষণের দায়িত্ব নিবে কে? বিধবা শায়লার মতো আমাদের দেশসহ বিশ্বের বহুদেশের বহু পরিবারের উপার্জনৰম ব্যক্তির অকাল মৃত্যুতে পুরো পরিবারটি নিঃস্ব হয়ে যায়। তবে স্থান, কাল ও পাত্র অনুযায়ী মৃত্যুহারের তারতম্য হয়ে থাকে।

ক. নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের চাহিদা ও মূল্য বৃদ্ধি পায় কেন? ১
খ. দারিদ্র্যতা কীভাবে মৃত্যুহার বাড়ায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের স্থান, কাল ও পাত্র ভেদে মৃত্যুহারের তারতম্যের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. শায়লার স্বামীর মৃত্যুর প্রভাব তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশেৰষণ কর। ৪

## ৩ নং প্রশ্নের উত্তর

**ক** জনসংখ্যা বৃদ্ধির ফলে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের চাহিদা ও মূল্য বৃদ্ধি পায়।

**খ** দারিদ্র্যতা মৃত্যুহার বাড়াতে সহায়তা করে। দরিদ্র্য মানুষের জীবনযাত্রার মান নিচু হয়। অপরিচ্ছন্ন পরিবেশে তারা বেড়ে ওঠে। দরিদ্র্য জনগণ পুষ্টিকর খাবার খেতে পারে না। ফলে বিভিন্ন ধরনের রোগ-ব্যাধি সহজেই তাদেরকে আক্রমণ করে। উন্নত চিকিৎসার অভাবে তারা মারা যায়। এজন্য অনুন্নত দেশ যেখানে দরিদ্র্য জনগণ বেশি সেখানে মৃত্যুহারও বেশি।

**গ** মৃত্যুহার সবদেশে সমান নয়। স্থান, কাল ও পাত্রভেদে মৃত্যুহারের তারতম্য ঘটে। বিভিন্ন কারণে মৃত্যুহারের মধ্যে পার্থক্য দেখা যায়। মৃত্যুহারের সাথে সম্পৃক্ত বিভিন্ন উপাদান মৃত্যুহারকে প্রভাবিত করে। যেমন : একটি দেশের ভৌগোলিক অবস্থান ও সে দেশের আবহাওয়া ও জলবায়ু মৃত্যুহার বাড়ায় ও কমায়। যেসব দেশে প্রাকৃতিক দুর্যোগ বেশি এবং যাতায়াত ব্যবস্থা ত্রবটিপূর্ণ সেসব এলাকায় দুর্ঘটনাজনিত মৃত্যুহার বেশি হয়। যে সকল এলাকায় জনসংখ্যার ঘনত্ব বেশি সেসব এলাকায় রোগ-ব্যাধির প্রবণতা বেশি। যার ফলে মৃত্যুহার বেশি হয়। যেসব এলাকায় দরিদ্র্য মানুষের সংখ্যা বেশি এবং অল্পবয়সি ও অধিক বয়সি জনসংখ্যার পরিমাণ বেশি সেসব এলাকায় মৃত্যুহার বেশি। আবার বিশ্বের যেসব দেশে যুদ্ধবিগ্রহ বেশি সেসব দেশে প্রচুর লোক মারা যাচ্ছে। আলোচনার পরিপ্রেৰিতে বলা যায়, স্থান, কাল ও পরিস্থিতির ভিত্তিতে জনসংখ্যার ব্যাপক তারতম্য ঘটে।

**ঘ** উদ্দীপকে শায়লার স্বামীর মৃত্যুর প্রভাব সুদূর প্রসারী। অনাকাঙ্ক্ষিত ও অপরিণত বয়সের মৃত্যু একটি পরিবারে হতাশা ও চরম অনিশ্চয়তার সৃষ্টি করে। শায়লা ও তার স্বামীর চার সন্তান। তার স্বামীর আকস্মীক মৃত্যু তাদের পরিবারকে অর্থনৈতিক ও সামাজিকভাবে চরম অনিশ্চয়তার মুখে ঠেলে দেয়। শায়লার স্বামী পরিবারের একমাত্র উপার্জনৰম ব্যক্তি হওয়ায় তার মৃত্যুতে পরিবারের ভরণপোষণের ৰেত্রে শঙ্কার সৃষ্টি হয়। তার স্বামীর মৃত্যুর ফলে সে ও তার সন্তান অনাগত ভবিষ্যতের কথা ভেবে হতাশ হয়ে পড়ে। সন্তানদের ভরণ-পোষণ, লেখাপড়া ও সামাজিক মর্যাদার পরিবর্তন শায়লা ও তার পরিবারকে ভাবিয়ে তোলে। মোটকথা অনাকাঙ্ক্ষিত ও অধিক মৃত্যুহার একটি পরিবার ও দেশের জন্য অকল্যাণ বয়ে আনে।

**প্রশ্ন- ৪ ▸▸** স্থানান্তর তারতম্যের কারণ ও প্রভাব

গ্রামের ছেলে অনিক কাজের সন্ধানে 'ক' শহরে আসে। শহরে এসে সে অতিরিক্ত জনসংখ্যার চাপ অনুভব করে। সে জানতে পারে অধিক আয়ের আশায়, ব্যবসা-বাণিজ্যের প্রয়োজনে, উচ্চশিৰা গ্রহণ প্রভৃতি কারণে লোকেরা শহরে স্থানান্তরিত হয়। ফলে বিভিন্ন সমস্যা সৃষ্টি হচ্ছে। এতে তার মনে হতাশার সৃষ্টি হয়।

ক. স্থানান্তর কাকে বলে? ১
খ. মৃত্যুহার তারতম্যের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'ক' শহরে সমস্যা সৃষ্টির মূলে কোন কারণটি দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানবজীবনে উক্ত কারণটির প্রভাব বিশেৰষণ কর। ৪

## ৪ নং প্রশ্নের উত্তর

**ক** বসবাসের স্থান স্থায়ীভাবে পরিবর্তন করাকে স্থানান্তর বলে।

**খ** মৃত্যুহার তারতম্যের কারণে জনসংখ্যার পরিবর্তন ঘটে। শিশুমৃত্যু, দুর্ঘটনাজনিত মৃত্যুসহ নানা ধরনের অপরিণত বয়সের মৃত্যু দেশের অর্থনীতি ও সামাজিক জীবনের ব্যাপক ৰতি করে। উচ্চ মৃত্যুহার মা-বাবাকে অধিক সন্তানদানে উৎসাহিত হয়। মৃত্যুহার বেশি হলে ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তা বাড়ে। পরিবারের উপার্জনৰম ব্যক্তির মৃত্যুতে জীবনে অনিশ্চয়তার সৃষ্টি হয়। সর্বোপরি মৃত্যুহার কোনো দেশের জন্য খারাপ ফল বয়ে আনে।

**গ** উদ্দীপকে 'ক' শহরে সমস্যা সৃষ্টির মূল কারণ হলো স্থানান্তর। স্থানান্তর বলতে একটি দেশের ভিতরে একস্থান হতে অন্যস্থানে অথবা একটি দেশ হতে অন্যদেশে মানুষের গমনাগমনকে বুঝায়। স্থানান্তর দুই ধরনের। এর মধ্যে উদ্দীপকের অনিকের স্থানান্তর হলো অভ্যন্তরীণ স্থানান্তর। দেশের অভ্যন্তরে একস্থান হতে অন্যস্থানে গমন করাকে বলে অন্তর্গমন। উদ্দীপকের অনিক গ্রাম হতে শহরে আসে কাজের সন্ধানে। কাজের সন্ধান ছাড়া আরও অনেক প্রয়োজনে প্রতিনিয়ত মানুষ শহরে আসে। এর ফলে অতিরিক্ত জনসংখ্যার চাপ শহরকে বহন করতে হয়। আয়তনের চেয়ে জনসংখ্যা বেশি হয়ে যাওয়ায় নিত্যপ্রয়োজনীয় জিনিসের সংকট ও মূল্য বৃদ্ধি পায়। স্থানান্তরিত হওয়া এসব মানুষের বাসস্থানের ব্যবস্থা করা সম্ভব হয় না বলে শহরে অনেক বস্তি ও খুপরি ঘরের আধিক্য দেখা দেয়। যার ফলে পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। অতিরিক্ত স্থানান্তর প্রক্রিয়ার ফলে শহর তার স্বাভাবিক কর্মকাণ্ড চালাতে পারছে না। তাই বলা যায়, শহরে সৃষ্ট নানা সমস্যার পেছনে শহরমুখী স্থানান্তরের প্রভাব বেশি দায়ী।

**ঘ** মানবজীবনে স্থানান্তরের প্রভাব গুরবত্বপূর্ণ। যেসব এলাকায় স্থানান্তর বেশি হয় সেসব এলাকায় জনসংখ্যার ঘনত্ব বেড়ে যায়। যেমন ঢাকা শহরে জনসংখ্যার স্থানান্তর বেশি হওয়ার কারণে এখানকার জনসংখ্যার ঘনত্ব বেড়েছে। জনসংখ্যা বৃদ্ধি পেলে মৌলিক মানবিক চাহিদা সংকুচিত হয়ে পড়ে। খাদ্যদ্রব্যের সংকট ও মূল্য বৃদ্ধি পায়। ফলে মানুষের জীবনযাত্রার মান কমে। স্বাস্থ্যসেবার অপ্রতুলতার কারণে মানুষ নানাবিধ রোগ ব্যাধিতে ভোগে। তবে জনসংখ্যা স্থানান্তরের কিছু

ধনাত্মক প্রভাবও রয়েছে। যেমন যে স্থান হতে জনসংখ্যা অন্যস্থানে চলে যায় সেখানকার জনসংখ্যা কমে যায়। ফলে খাদ্যদ্রব্যের চাহিদা কমে ও মূল্য হ্রাস পায়। আবার স্থানান্তর প্রক্রিয়া যদি হয় এক দেশ হতে অন্যদেশে তবে তা বহির্গমন হয়। আমাদের দেশের লাখ লাখ লোক বহির্গমনের মাধ্যমে পৃথিবীর নানা অঞ্চলে চাকরি ও ব্যবসা–বাণিজ্য করছে। তাদের প্রেরিত রেমিটেন্স আমাদের অর্থনীতিতে অবদান রাখছে। তাই উপরোক্ত আলোচনার পরিপ্রেৰিতে বুঝা যায়, স্থানান্তর মানবজীবনে অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক ও জনমিতিক কারণে ব্যাপক প্রভাব বিস্তার করে।

**প্রশ্ন– ৫** ▶▶ মৃত্যুহার তারতম্যের কারণ ও প্রভাব

মিঠুন তার শিৰাথীদের মৃত্যুহার তারতম্যের কারণ লিখতে বলায় এক শিৰাথী 'যুদ্ধবিগ্রহ, দারিদ্র্যতা, প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ঘটনা লিখে খাতা জমা দেয়। তিনি ঐ শিৰাথীকে বললেন, তুমি যে কারণগুলো লিখেছ তা অপূর্ণাঙ্গ। তোমার উচিত সবগুলো কারণ ঠিকমতো জেনে তার প্রভাব সম্পর্কে ধারণা নেওয়া।

ক. দেশের আর্থসামাজিক উন্নয়নে কোনটি ভূমিকা রাখে? ১
খ. স্থানান্তরের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে শিৰাথীর লেখায় মৃত্যুহার তারতম্যের যেসব কারণগুলো বাদ পড়েছে তা উলেৰখপূর্বক ব্যাখ্যা কর। ৩
ঘ. মিঠুনের বলা মৃত্যুহার তারতম্যের প্রভাব মূল পাঠের আলোকে বিশেৰষণ কর। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** নিম্নমৃত্যুহার আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখে।

**খ** স্থানান্তরের প্রভাব বহু ধরনের। যে এলাকায় স্থানান্তর বেশি হয় সে এলাকায় জনসংখ্যার ঘনত্ব বেড়ে যায়। যেমন : ঢাকা শহরে জনসংখ্যার স্থানান্তর বেশি হওয়ার কারণে এর জনসংখ্যার ঘনত্ব বেড়েছে। জনসংখ্যা বৃদ্ধির ফলে মৌলিক প্রয়োজনসহ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের চাহিদা ও এর মূল্য বৃদ্ধি পায়। স্থানান্তরের ফলে বিভিন্ন সামাজিক সমস্যার সৃষ্টি হয়। যেমন : শিৰাৰেত্রে ভর্তি সমস্যা, কর্মসংস্থানের অভাব, বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড, পরিবেশগত নানা সমস্যা। উপরোক্ত প্রভাবগুলো ছাড়াও স্থানান্তর জনসংখ্যার কাঠামো পরিবর্তনে প্রভাব ফেলে।

**গ** উদ্দীপকের শিৰাথীর লেখায় মৃত্যুহার তারতম্যের অন্যতম কারণ– 'ভৌগোলিক ও বিভিন্ন রোগ–ব্যাধি' কারণদ্বয় বাদ পড়েছে। অথচ ভৌগোলিক অবস্থান ও উপাদান মৃত্যুহারকে প্রভাবিত করে। যেসব দেশে বা এলাকায় অবকাঠামো, যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা উন্নত এবং আবহাওয়া ও জলবায়ু চরমভাবাপন্ন নয় সেসব দেশে বা এলাকায় মৃত্যুহার কম। আবার বিভিন্ন রোগ–ব্যাধির কারণ হিসেবে বলা যায়, যেসব এলাকায় কলেরা, টাইফয়েড, ম্যালেরিয়া, হুপিংকাশি, হাঁপানি ও বিভিন্ন ভাইরাসজনিত রোগের প্রকোপ বেশি সেসব এলাকায় মৃত্যুহার বেশি। উদ্দীপকের মিঠুনের শিৰাথী গুরবত্বপূর্ণ এ দুটি কারণ না লিখে সে লিখে যুদ্ধবিগ্রহ, দারিদ্র্যতা, প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ঘটনা। যার কারণে মিঠুন লিখাটি অসম্পূর্ণ হয়েছে বলে মন্তব্য করেন। আলোচনায় শেষে বলা যায় শিৰাথীর উক্ত দুটি কারণ বাদ পড়েছিল।

**ঘ** উদ্দীপকে মিঠুনের বর্ণনায় মৃত্যুহার হ্রাস–বৃদ্ধির যে সমস্ত কারণগুলো ব্যাখ্যা করা হয়েছে তাদের প্রভাব সুদূরপ্রসারি। উচ্চ মৃত্যুহার পারিবারিক, সামাজিক ও অর্থনৈতিক জীবনে ব্যাপক পরিবর্তন সাধন করে। উচ্চ জন্মহার যেমন একটি দেশের জনসংখ্যা বৃদ্ধিতে সহায়তা করে তেমনি উচ্চ মৃত্যুহারও জনসংখ্যা বৃদ্ধি ও এর সাথে সংশিৰষ্ট বিভিন্ন উপাদানকে প্রভাবিত করে। উচ্চ শিশু মৃত্যুহারের কারণে মা–বাবা আরো বেশি সংখ্যক সন্তান জন্মদানে উৎসাহিত হয়। প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ঘটনার জন্য ঘটিত অপরিণত বয়সের মৃত্যু একটি পরিবারের জন্য চরম হতাশা ও অনিশ্চয়তা সৃষ্টি করে। পরিবারের মানুষের অকাল মৃত্যুতে ঐ পরিবার ভবিষ্যৎ নিয়ে চরম অনিশ্চয়তার মুখে পড়ে। অন্যদিকে দেশের কর্মৰম মানুষের অকার মৃত্যুতে দেশ তার সম্ভাবনাময় শ্রমশক্তি হারায়। দেশের অবকাঠামো ও উৎপাদন ব্যবস্থায় তা হতাশাজনক প্রভাব ফেলে। একটি দেশ তার দৰ মানবকর্মীর অভাবে অর্থনৈতিকভাবে ৰতিগ্রস্ত হয়। অতিরিক্ত মৃত্যুহার জনসংখ্যার গঠন, বণ্টন, বয়স কাঠামোকে ৰতিগ্রস্ত করে। যার ফলে দেশের জনমিতিক ভারসাম্য নষ্ট হয়। দেশে নির্ভরশীল জনসংখ্যার অনুপাত বেড়ে যায়। ঐসব নির্ভরশীল জনসংখ্যার ভরণপোষণের ব্যবস্থা করতে গিয়ে একটি দীর্ঘমেয়াদী ৰতির সম্মুখীন হয়। মোট কথা অতিরিক্ত মৃত্যুর প্রভাব একটি দেশের জন্য অকল্যাণ বয়ে আনে।

**প্রশ্ন– ৬** ▶▶ স্থানান্তরের তারতম্যের কারণ ও প্রভাব

শিহাবের এলাকায় জনগণের সমস্যার কোনো অন্ত নেই। জিনিসপত্রের চাহিদার চড়া মূল্য, শিৰাৰেত্রে ভর্তি সমস্যা, কর্মসংস্থানের অভাব প্রভৃতি কারণ বিদ্যমান। তাছাড়া অপরাধমূলক কর্মকাণ্ড নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।

ক. অর্থনৈতিক ও সামাজিক জীবনে ব্যাপক ৰতি সাধন করে কোনটি? ১
খ. বহির্গমনের কয়েকটি কারণ উলেৰখ কর। ২
গ. উদ্দীপকের শিহাবের এলাকার জনগণের সমস্যার মূলে কোন কারণটি দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কারণ চিহ্নিতপূর্বক তার প্রভাব বিশেৰষণ কর। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** মৃত্যুহার অর্থনৈতিক ও সামাজিক জীবনে ব্যাপক ৰতিসাধন করে।

**খ** বহির্গমনের কয়েকটি কারণ নিচে দেওয়া হলো :

১. অধিক আয়ের আশায় এক দেশ হতে অন্য দেশে স্থানান্তরিত হয়।
২. উচ্চশিৰা, উন্নত স্বাস্থ্যসেবা, উচ্চ মর্যাদাসম্পন্ন পেশার আশায় স্থানান্তরিত হয়।
৩. ব্যবসা–বাণিজ্যের প্রয়োজনে স্থানান্তরিত হয়।
৪. উন্নত নাগরিক সুযোগ–সুবিধা ও জীবনাচরণের জন্য স্থানান্তর হয়।
৫. যুদ্ধবিগ্রহের কারণে স্থানান্তরিত হয়।

**গ** উদ্দীপকে আলোচিত শিহাবের এলাকার জনগণের সমস্যার মূল কারণ অতিরিক্ত স্থানান্তর প্রক্রিয়া। বসবাসের স্থান স্থায়ীভাবে পরিবর্তন করাকে বোঝায় স্থানান্তর প্রক্রিয়া। শিহাব যে এলাকায় বসবাস করে নানা কারণে তার এলাকায় প্রচুর আগমন ঘটে। বসবাসের জন্য অথবা মানবীয় অন্যান্য প্রয়োজনে একস্থান থেকে অন্যস্থানে গমনাগমনকে স্থানান্তর বলে। এই স্থানান্তর দেশের সীমানার মধ্যে অথবা দেশের বাইরেও হতে পারে। বিভিন্ন কারণে স্থানান্তরের তারতম্য হয়। যেমন অধিক আয়ের আশায় মানুষ একস্থান হতে অন্যস্থানে গমন করতে পারে। ব্যবসা–বাণিজ্যের প্রয়োজনে, উচ্চশিৰা, উন্নত চিকিৎসা ও উচ্চ মর্যাদাসম্পন্ন পেশা গ্রহণের তাগিদেও স্থানান্তর হয়। বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা, খরা, নদীভাঙ্গাণ ইত্যাদির কারণে মানুষ তার বসবাসের স্থান পরিবর্তন করে। যেসব দেশে যুদ্ধবিগ্রহ লেগে থাকে সেসব দেশের জনসংখ্যা অন্য দেশে স্থায়ী বা অস্থায়ীভাবে স্থানান্তর হয়। উদ্দীপকের শিহাবের এলাকায় উলিৰখিত বিভিন্ন কারণে জনসংখ্যার স্থানান্তর হয়েছে। ফলশ্রবতিতে এলাকার আয়তনের তুলনায় জনসংখ্যা বেড়ে যাওয়ায় মানবীয় বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়েছে।

**ঘ** শিহাবের এলাকার বিদ্যমান সমস্যার মূল কারণ হলো স্থানান্তর। স্থানান্তরের প্রভাব বহুমাত্রিক। স্থানান্তরের কারণে মানুষ যে এলাকায় গমন করে সে এলাকার বিস্তৃতি বাড়ে। আয়তনের চেয়ে জনসংখ্যার পরিমাণ বৃদ্ধি পাওয়ায় জনসংখ্যার ঘনত্ব বৃদ্ধি পায়। স্থানান্তরের কারণে অতিরিক্ত লোকের চাপ পড়ে এলাকায়। ফলে বর্ধিত জনসংখ্যার মৌলিক চাহিদাসহ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের চাহিদা ও এর মূল্য বৃদ্ধি পায়। অতিরিক্ত জনসংখ্যার চাপে নাগরিক বিভিন্ন সুযোগ–সুবিধা প্রধানেও হিমশিম খেতে হয়। খাদ্যদ্রব্যের অতিরিক্ত চাহিদা থাকার কারণে এর মূল্য বৃদ্ধি পায়। যার ফলে সুষম ও পুষ্টিকর খাবার গ্রহণে জনসংখ্যার

একটি বিরাট অংশ বঞ্চিত হয়। শিক্ষা ক্ষেত্রে ভর্তির সমস্যার ফলে গুণগত শিক্ষা হতে অনেকে বঞ্চিত হয়। অধিক জনসংখ্যার ফলে কর্মসংস্থানের ক্ষেত্রে অভাব দেখা দেয়। ফলে বেকার লোকজন জীবিকা নির্বাহের জন্য বিভিন্ন অপরাধমূলক তৎপরতার দিকে ঝুঁকে পড়ে। তবে স্থানান্তর প্রক্রিয়ার ধনাত্মক কিছু দিকও রয়েছে। উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায়, একটি দেশের সার্বিক সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রে স্থানান্তর প্রক্রিয়া সুদূর প্রসারি প্রভাব ফেলে।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৭ ▶▶** জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী উপাদান

বিথি ও বিনা বান্ধবী। তাদের বাড়ি ভোলা জেলায়। গ্রীষ্মের ছুটিতে বিথি বিনাদের বাসায় বেড়াতে যায়। বিথি বিনার বাবা ও মাকে সালাম করে কুশল বিনিময় করে। বিথি বিনার মাকে বলল, আন্টি সজিব ভাইয়া কোথায়, তাকে তো দেখছি না? বিনার মা বললেন সে তো উচ্চশিক্ষার জন্য আমেরিকা চলে গেছে। তখন বিথি বলল আমার বড় আপু রংপুরে একটি প্রাইভেট ফার্মে চাকরি পেয়েছেন। তিনি আগামি মাসের এক তারিখে চাকরিতে যোগ দিবেন।

ক. দুর্যোগপ্রবণ এলাকায় মৃত্যুহার কেমন থাকে? ১
খ. জনসংখ্যা বৃদ্ধির ফলে একটি পরিবারে কী কী সমস্যা দেখা দেয়? ২
গ. উদ্দীপকে কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টিই কি জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী একমাত্র উপাদান? তোমার মতামত দাও। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** দুর্যোগপ্রবণ এলাকায় মৃত্যুহার বেশি থাকে।

**খ** জনসংখ্যা বৃদ্ধির ফলে যেসব সমস্যার সৃষ্টি হয় তা নিচে দেয়া হলো : ১. পরিবারে অসচ্ছলতা দেখা দেয়। ২. পরিবারের সদস্যদের মাথাপিছু আয় কমে। ৩. জীবনযাত্রার মান হ্রাস পায়। ৪. অনেক সন্তান শিক্ষার সুযোগ পায় না। ৫. অনেক ক্ষেত্রে পুষ্টিকর খাদ্য ক্রয় সম্ভব হয় না।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** স্থানান্তরের স্বরূপ ব্যাখ্যা কর।

**ঘ** স্থানান্তর ছাড়া জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী আর যেসব কারণ রয়েছে তার বিশ্লেষণ কর।

**প্রশ্ন– ৮ ▶▶** জন্মহার তারতম্যের কারণ ও প্রভাব

ড. হিরক সাহেব "বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির প্রভাব" শীর্ষক এক সেমিনারে বক্তৃতায় বললেন, আমাদের এদেশে জনসংখ্যা সম্পদের তুলনায় অনেক বেশি। শ্রোতাদের পক্ষ থেকে একজন প্রশ্ন করল, স্যার এ দেশে জনসংখ্যা এত বেশি হওয়ার কারণ কী? ড. হিরক সাহেব জনসংখ্যা বৃদ্ধির বহু কারণ উল্লেখ করে বললেন, দেশের সম্পদের কথা বিবেচনা করে জন্মহার নিয়ন্ত্রণে রাখা দরকার।

ক. মৃত্যুহারকে প্রভাবিত করে কোন উপাদান? ১
খ. একটি দেশের জন্য বহির্গমন গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকের ড. হিরক সাহেব কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করেছেন তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. উক্ত বিষয়টির প্রভাব বিশ্লেষণ কর। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** ভৌগোলিক অবস্থান মৃত্যুহারকে প্রভাবিত করে।

**খ** একটি দেশের সামগ্রিক কাঠামোতে বহির্গমনের গুরুত্ব অপরিসীম। যখন একটি দেশের জনসংখ্যা অন্যদেশে স্থানান্তর হয় তাকে বহির্গমন বলে। সাধারণত চাকরি, ব্যবসা–বাণিজ্য, শিক্ষা ইত্যাদি কারণে একদেশের মানুষ অন্যদেশে স্থায়ী অথবা অস্থায়ীভাবে স্থানান্তরিত হয়। এর ফলে দেশটির জনসংখ্যা কমে যায় ফলে জনসংখ্যাজনিত চাপ হ্রাস পায়। যারা চাকরি ও ব্যবসা–বাণিজ্য সংক্রান্ত কাজে যায় তাদের পাঠানো রেমিটেন্স দেশের অর্থনীতি ও অবকাঠামো উন্নয়নে ভূমিকা রাখে।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** জন্মহার তারতম্যের কারণ ব্যাখ্যা কর।

**ঘ** জন্মহার তারতম্যের প্রভাব বিশ্লেষণ কর।

## ■ অধ্যায়ের সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ৯ ▶▶** জনমিতির ধারণা, স্থানান্তরের প্রভাব

কুমিল্লার জেলা প্রশাসক তার অধিনস্তদের বললেন, আমার জেলায় কত লোকসংখ্যা আছে তার একটি শুমারি করে আমাকে দেখাও। তার দক্ষ কর্মীবৃন্দ রাতদিন পরিশ্রম করে একমাসের মধ্যে শুমারি সমাপ্ত করে রিপোর্ট জমা দেয়। তিনি রিপোর্ট পর্যালোচনা করে জানতে পারেন স্থানান্তরের কারণেই সামাজিক বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়।

ক. জনসংখ্যা বৃদ্ধির প্রধান কারণ কী? ১
খ. স্থানান্তর কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জেলা প্রশাসকের আদমশুমারি দ্বারা কোন বিষয়টির ধারণা পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "স্থানান্তরের তারতম্যের কারণেই সামাজিক বিভিন্ন সমস্যার সৃষ্টি"– উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** জনসংখ্যা বৃদ্ধির প্রধান কারণ হলো বাল্যবিবাহ।

**খ** দেশের ভিতরে একস্থান থেকে অন্যস্থানে অথবা একটি দেশের সীমানা পেরিয়ে অন্যদেশে মানুষের গমনাগমনকে বোঝায়। স্থানান্তর দুই ধরনের হয়। একটি অন্তর্গমন অন্যটি বহির্গমন। দেশের ভেতর একস্থান হতে অন্যস্থানে গমন করাকে বলে অন্তর্গমন। যেমন : শহর থেকে গ্রামে, গ্রাম থেকে শহরে স্থানান্তর। ভৌগোলিক সীমার বাইরে এক দেশ হতে অন্যদেশে গমন করাকে বলে বহির্গমন। যেমন : বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে গমন।

**গ** উদ্দীপকের জেলা প্রশাসকের শুমারি দ্বারা জনমিতি বিষয়ের ধারণা পাওয়া যায়। জনমিতি শব্দের অর্থ হলো জনসংখ্যার পরিমাপ। সাধারণত একটি নির্দিষ্ট স্থানে এবং একটি নির্দিষ্ট সময়ে ঐ এলাকায় কতজন জন্ম নিল, কতজন মানুষ মৃত্যুবরণ করল, কোন বয়সের কতজন লোক রয়েছে অর্থাৎ বয়স কাঠামো, কতজনের বিয়ে হয়েছে, কতজন ঐ এলাকায় এল, আবার কতজন ঐ এলাকা থেকে চলে গেল তার এক সুনির্দিষ্ট হিসাব প্রক্রিয়াকে জনমিতিক হিসাব বলে। উদ্দীপকের জেলা প্রশাসকও ঠিক এ কাজটিই করেছেন যা জনমিতিক ধারণার সাথে সম্পর্কিত। তাই জেলা প্রশাসকের কর্মকাণ্ড জনমিতিক প্রক্রিয়ারই অংশ।

**ঘ** 'স্থানান্তরের তারতম্যের কারণেই সামাজিক বিভিন্ন সমস্যার সৃষ্টি'– উক্তিটি যথার্থ। স্থানান্তরের প্রভাব বহুবিধ। এক স্থান হতে অন্য স্থানে অথবা এক দেশ হতে অন্য দেশে স্থায়ী বা অস্থায়ীভাবে গমন করাকে স্থানান্তর বলে। যে এলাকা হতে বা দেশ হতে জনসংখ্যা অন্যত্র গমন করে সেখানকার জনসংখ্যা যদিও কমে কিন্তু যেখানে গমন করে সেখানকার জনসংখ্যা ক্রমান্বয়ে বাড়তে থাকে। যেমন ঢাকা শহরের কথা বলা যায়। ঢাকার আয়তন ১১৬.৯৬ বর্গকিলোমিটার অথচ এর জনসংখ্যা প্রায় ২ কোটি, স্থানান্তরের কারণেই ঢাকায় এই জনসংখ্যার বিস্ফোরণ ঘটেছে। অতিরিক্ত জনসংখ্যার চাপ নগরবাসীর মৌলিক চাহিদার পরিপন্থি। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম অতিরিক্ত বৃদ্ধি পাওয়ায় জনজীবন দুর্বিষহ হয়ে পড়ে। জনসংখ্যার পরিমাণ বেশি অথচ কর্মসংস্থান কম হওয়ায় প্রচুর লোক বেকার থাকে। ফলে নানাবিধ সমস্যা যেমন– অপরাধমূলক কর্মকাণ্ডের বিস্তৃতি ঘটে। জনসংখ্যার চেয়ে শিক্ষা প্রতিষ্ঠান অপ্রতুল হওয়ায় অনেকে শিক্ষার আলো থেকে বঞ্চিত হয়।

বিশুদ্ধ পানির অভাবে বিভিন্ন প্যানিবাহিত রোগ দেখা দেয়। স্বাস্থ্যব্যবস্থার ঘাটতির কারণে অনেক অসুস্থ মানুষ অকালে মৃত্যুবরণ করেন। সর্বোপরি অতিরিক্ত জনসংখ্যার চাপ সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ৰেত্রে চরম বিপর্যয় সৃষ্টি করে। উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায়, স্থানান্তর তারতম্যের কারণে সামাজিক বিভিন্ন সমস্যার সৃষ্টি– উক্তিটি যথার্থ।

## নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ জনমিতি বলতে কী বোঝায়?**
**উত্তর :** জনমিতি বলতে জনসংখ্যার পরিমাপ ও বিবরণকে বোঝায়।

**প্রশ্ন ॥ ২ ॥ জনসংখ্যা বৃদ্ধির অন্যতম কারণ কী?**
**উত্তর :** মৃত্যুহার বৃদ্ধি জনসংখ্যা বৃদ্ধির অন্যতম কারণ।

**প্রশ্ন ॥ ৩ ॥ মৃত্যুহার বলতে কী বোঝায়?**
**উত্তর :** একটি নির্দিষ্ট বছরে নির্দিষ্ট বয়সের লোক প্রতিহাজারে কতজন মারা যায় তার হারকে মৃত্যুহার বলে।

**প্রশ্ন ॥ ৪ ॥ বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে?**
**উত্তর :** বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে ১০১৫ জন লোক বাস করে।

**প্রশ্ন ॥ ৫ ॥ কোন ধরনের স্থানান্তর প্রক্রিয়ায় জনসংখ্যার হ্রাস–বৃদ্ধি ঘটে না?**
**উত্তর :** অন্তর্গমনের ফলে জনসংখ্যার হ্রাস–বৃদ্ধি ঘটে না।

**প্রশ্ন ॥ ৬ ॥ সামাজিক গতিশীলতা কীসের হার কমায়?**
**উত্তর :** সামাজিক গতিশীলতা জনসংখ্যা বৃদ্ধির হার কমায়।

**প্রশ্ন ॥ ৭ ॥ জনসংখ্যা বৃদ্ধির প্রধান কারণ কী?**
**উত্তর :** জনসংখ্যা বৃদ্ধির প্রধান কারণ হলো বাল্যবিবাহ।

### ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ জনামিতির ধারণা ব্যাখ্যা কর?**
**উত্তর :** জনমিতি শব্দটি বিশেৰষণ করলে দুটি শব্দ পাওয়া যায়। এর একটি হলো 'জন' যার অর্থ ব্যক্তি আর অপরটি হলো 'মিতি' যার অর্থ পরিমাপ। অর্থাৎ জনমিতি বলতে জনসংখ্যা পরিমাপকে বোঝায়। সাধারণত একটি নির্দিষ্ট সময়ে (এক বছরে) একটি নির্দিষ্ট স্থানে কতজন জন্ম নিল, কতজন মারা গেল, কতজনের বিয়ে হলো, কোন বয়সের কতজন লোক আছে, কতজন ঐ স্থান থেকে চলে গেল তার হিসাব বের করাকে জনমিতি বলে। সুতরাং কোনো রাষ্ট্রের জনসংখ্যা সম্পর্কিত বিষয়ের হিসাব নির্ধারণ করা বা পরিমাপ করাই হলো জনমিতি।

**প্রশ্ন ॥ ২ ॥ সামাজিক গতিশীলতা বলতে কী বোঝায়?**
**উত্তর :** সামাজিক গতিশীলতা বলতে কোনো সমাজের অর্থনৈতিক ও শিৰাগত ক্রমোন্নতি বোঝায়। সামাজিক গতিশীলতা সামাজিক পদমর্যাদার পরিবর্তনকে বোঝায়। নিম্নবিত্ত পরিবারের কোনো সদস্য যদি উচ্চশিৰা গ্রহণের মাধ্যমে উচ্চ পেশা চাকরিতে প্রবেশ করে, তবে সমাজে তার পদমর্যাদার পরিবর্তন হয়। শিৰাগ্রহণের ফলে সমাজের মানুষের মধ্যে সচেতনতা ও দায়বদ্ধতার সৃষ্টি হয়। সচেতনতা বাড়ার ফলে মানুষের বুদ্ধিবৃত্তিক উন্নতি সাধিত হয় এবং সন্তান জন্মদানের ৰেত্রে যৌক্তিকতা প্রকাশ পায়।